

জকসু নির্বাচনের রোডম্যাপ ঘোষণা, ভোট ২৭ নভেম্বর



ছবি-সংগৃহীত

জবি প্রতিনিধি

প্রকাশ: ১৭ সেপ্টেম্বর ২০২৫ | ২১:৫৮



প্রথমবারের মতো অনুষ্ঠিত হতে যাচ্ছে জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (জকসু) নির্বাচন। শিক্ষার্থীদের দীর্ঘদিনের দাবির পরিপ্রেক্ষিতে এ নির্বাচনের রোডম্যাপ ঘোষণা করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। এতে ভোটের তারিখ ঘোষণা করা হয়েছে ২৭ নভেম্বর।

বুধবার বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক ড. মো. শেখ গিয়াস উদ্দিন স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, আগামী ৮ অক্টোবর থেকে নির্বাচন কমিশন গঠন ও কার্যক্রম শুরু হবে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ৮ অক্টোবর ছাত্র সংগঠন, সাংবাদিক সংগঠন ও অন্যান্য অংশীজনদের সঙ্গে মতবিনিময়ের মাধ্যমে নির্বাচন প্রক্রিয়া শুরু হবে। এরপর ধাপে ধাপে তপশিল ঘোষণা, ভোটের তালিকা প্রস্তুত, মনোনয়ন জমা ও যাচাই-বাছাইসহ অন্যান্য কার্যক্রম সম্পন্ন করা হবে। সবশেষে ২৭ নভেম্বর ভোটগ্রহণ। পরে ফলাফল প্রকাশের মাধ্যমে নির্বাচন প্রক্রিয়া শেষ হবে।

গত মঙ্গলবার জকসু নির্বাচনের রোডম্যাপ ঘোষণাসহ ৩ দাবিতে অনশন শুরু করে ৫ শিক্ষার্থী। শিক্ষার্থীদের তিন দফা দাবি হলো- শিক্ষার্থীদের সম্পূরক বৃত্তি কবে থেকে কার্যকর হবে, তা নির্দিষ্ট করতে হবে; বিশ্ববিদ্যালয়ের ছাত্র সংসদ (জকসু) নির্বাচনের রোডম্যাপ ঘোষণা করতে হবে; ক্যাফেটেরিয়ার ভর্তুকি প্রদান করে স্বাস্থ্যকর খাবার নিশ্চিত করা এবং কেন্দ্রীয় লাইব্রেরিতে সুযোগ-সুবিধা বৃদ্ধি ও শীতাতপ নিয়ন্ত্রণ নিশ্চিত করতে হবে।



তবে জকসু নির্বাচন, বৃত্তি ও ক্যাফেটেরিয়ার বিষয়ে প্রশাসন থেকে বিবৃতি দিলেও তা মানতে নারাজ আন্দোলনকারী শিক্ষার্থীরা।

প্রশাসনের বিবৃতি প্রত্যাখ্যান করে আন্দোলনকারী শিক্ষার্থী শাহিন মিয়া বলেন, প্রশাসনের বিবৃতিতে শুভঙ্করের ফাঁকি রয়েছে। কারা এ সুবিধা পাবে, কতজন শিক্ষার্থী পাবে এবং কত টাকা দেওয়া হবে সে বিষয়ে কোনো সুস্পষ্ট ঘোষণা নেই। একইভাবে ক্যাফেটেরিয়া সম্পর্কেও কোনো পরিষ্কার সিদ্ধান্ত জানানো হয়নি। তাই আমরা এই বিবৃতিকে প্রত্যাখ্যান করেছি।

তবে ওয় দফা সুস্পষ্ট করে বললে আজকে রাতে তারা অনশন প্রত্যাহার করবে বলে জানান। এই সংবাদ লেখা পর্যন্ত তারা অনশন ভাঙেনি।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. রেজাউল করিম বলেন, শিক্ষার্থীরা যেসকল দাবি জানিয়েছিল আমরা তা নির্দিষ্ট করে লিখিত ভাবে মেনে নিয়েছি। আগামী ২৭ নভেম্বর নির্বাচন হবে। সকল বিষয়ই পরিষ্কার। আমি নিজে তাদের কাছে গিয়েছি। অনশন ভাঙার জন্য অনুরোধ করেছি কিন্তু তারা ভাঙেনি। আমি আর কি করতে পারি?

এর আগে গত মঙ্গলবার জকসু নির্বাচনের রোডম্যাপ ঘোষণাসহ ৩ দাবিতে শাখা ছাত্র অধিকার পরিষদ ও বাংলাদেশ গণতান্ত্রিক ছাত্র সংসদের (বাগছাস) পাঁচ নেতা ক্যাম্পাসে অনশন শুরু করে। একই দিনে বিকেলে জকসু নীতিমালা ও সম্পূরক বৃত্তির দাবি নিয়ে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক ড. এস এম এ ফয়েজ এর সঙ্গে সাক্ষাৎ করে জবি শাখা ছাত্রশিবিরের নেতৃবৃন্দ। এ সময় আগামী ইউজিসি চেয়ারম্যান জবি শিক্ষার্থীদের জন্য সম্পূরক বৃত্তির অর্থ নভেম্বরে প্রদান ও অতি দ্রুত মন্ত্রণালয় থেকে জকসু নীতিমালা বিধি আকারে প্রণয়ন করতে তিনি চেষ্টা করবেন বলে জানান তিনি।

বিষয় : ভোট নির্বাচন জকসু